



১০ ডিসেম্বর ২০২৩ তারিখে Determining and Describing Jobs in Different Offices শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত

১০ ডিসেম্বর ২০২৩ তারিখ বরিশাল বিশ্ববিদ্যালয়ের আইকিউএসির আয়োজনে Determining and Describing Jobs in Different Offices শীর্ষক এক প্রশিক্ষণ বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়েছে। উক্ত প্রশিক্ষণে বিভিন্ন দপ্তর কর্তৃক মনোনীত ৪০ জন কর্মকর্তা অংশগ্রহণ করেছিলেন। প্রশিক্ষণের উদ্বোধনী পর্বে প্রধান অতিথি ছিলেন রুটিন দায়িত্বে নিয়োজিত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। সভাপতিত্ব করেছেন আইকিউএসির পরিচালক প্রফেসর ড. মোঃ মুহসিন উদ্দীন। সঞ্চালনায় ছিলেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক ড. তাজিজুর রহমান। দিনব্যাপী এ প্রশিক্ষণের প্রশিক্ষকের দায়িত্বে ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন রেজিস্ট্রার জনাব মো. এনামউজ্জামান।





আইকিউএসি কার্যালয়
বরিশাল বিশ্ববিদ্যালয়
e-mail: director-igac@bu.ac.bd

